গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসূচি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.msw.gov.bd**

০৩ পৌষ ১৪২০
১৭ ডিসেম্বর ২০১৩

নং-সকম/কর্ম-১শা/নীতিমালা-০২/২০১৩-৫৯৪

বিষয় : সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালা-২০১৩ অনুমোদন।

সূত্র নং-৪১.০১.০০০০.০৪২.০২.০০২.১২.৭৩৭, তারিখ-২১-৭-২০১৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালা-২০১৩ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়েছে। অনুমোদিত নীতিমালাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০৮ (আট) পাতা।

Rahman
১৭।১২।২০১৩
(মোঃ মুখলেছুর রহমান খান)
সহকারী সচিব (কর্ম-১)
ফোন: ৯৫৪০১৬৯।

মহাপরিচালক,
সমাজসেবা অধিদফতর,
আগারগাঁও, ঢাকা।

O/C

Afreen Letter 111

১৪

## সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালা : ২০১৩

**পটভূমি:**

বাংলাদেশের হতদরিদ্র, সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে প্রবর্তিত এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের মাধ্যমে বাস্তবায়িত **সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম** দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমাজসেবা অধিদফতর ১৯৭৪ সাল হতে পল্লী সমাজসেবা কার্যক্রম এর মাধ্যমে গ্রামের ভূমিহীন, বিত্তহীন, বেকার ও অদক্ষ জনগোষ্ঠীকে একটি সমন্বিত প্রক্রিয়ায় অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের দৃঢ় প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে উপজেলা পর্যায়ে সমাজসেবা অফিসার, ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন [illegible] পূর্বের তুলনায় ব্যপক বৃদ্ধি পেয়েছে। একজন ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকের দুই থেকে চারটি ইউনিয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব পালন করতে হচ্ছে। গ্রামের প্রত্যন্ত অঞ্চলে পায়ে হেঁটে দায়িত্ব পালন করা তাদের জন্য খুবই কষ্টসাধ্য। তাছাড়া সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রয়োজনীয় ভ্রমণ ভাতা দেয়াও সম্ভব হয়না। অধিকাংশ উপজেলায় উপজেলা সমাজসেবা অফিসারের মোটর সাইকেল বা সরকারী কোন যানবাহন নেই। ফলে প্রয়োজনীয় যানবাহনের অভাবে কর্মসূচি বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

পল্লী সমাজসেবা কার্যক্রমের উপজেলা পর্যায়ে প্রকল্প গ্রামের ব্যাংক ~~হিসাব~~ হিসাবে জমাকৃত অর্থের উপর প্রাপ্ত মোট ব্যাংক সুদের ২৫% অর্থ হতে পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী উপজেলা পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদেরকে মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা প্রদান করার জন্য ইতোপূর্বে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- অম/অবি/বা-৯/৩-২৯৩১-০০০০-সমাজ(৩)২০০৮/১২১ তারিখ: ১৬ মে ২০১২ মূলে অনুমোদন করা হয়েছে। সুতরাং তৃণমূল পর্যায়ে অধিদফতরের কর্মকর্তা-কর্মচারীদের সুদমুক্ত পরিশোধযোগ্য কিস্তিতে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ প্রদান করনে একদিকে যেমন দারিদ্র্য নিরসন কর্মসূচিসহ সমাজসেবা অধিদফতর পরিচালিত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আসবে। অপর দিকে দারিদ্র্য নিরসনের লক্ষ্যমাত্রা অর্জনের সহায়ক ভূমিকা পালন করবে।

**বিশেষ ঋণ এর লক্ষ্য ও উদ্দেশ্য:**

১. দারিদ্র্য নিরসন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন ;
২. কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে কর্মোদ্দীপনা সৃষ্টি ;
৩. কাজের মান বৃদ্ধি ;
৪. কর্ম এলাকায় কর্মকর্তা-কর্মচারিদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ;
৫. দ্রুত ও নিয়মিত কর্মএলাকায় গমনের প্রেক্ষিতে উপকারভোগী ও কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে পেশাগত সম্পর্ক বৃদ্ধিতে সহায়ক হবে এবং কার্যক্রমসমূহের তদারকি নিশ্চিত করা সম্ভব হবে।

১. **বিশেষ ঋণ সুবিধা প্রাপ্তির যোগ্যতা :**

(ক) উপজেলা সমাজসেবা কার্যালয়ে স্থায়ী পদে কর্মরত কর্মকর্তা, ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকগণ যারা ক্ষুদ্রঋণ কার্যক্রম কাজে ইউনিয়ন পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত/নিয়োজিত।

(খ) উপর্যুক্ত কর্মকর্তা/কর্মচারীগণ যতদিন ক্ষুদ্রঋণ কার্যক্রমে নিয়োজিত থাকবে ততদিন পর্যন্ত ঋণের জন্য আবেদন করতে পারবেন।

(গ) শুধুমাত্র উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এ বিশেষ ঋণ সুবিধা পাবেন। উপজেলা ব্যতিত অন্য কার্যালয়/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এ ঋণ সুবিধা পাবেন না।

(ঘ) ঋণের জন্য আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরীর বয়সের শেষ সীমা কমপক্ষে ০৬(ছয়) বছর থাকতে হবে।

(ঙ) এ বিশেষ ঋণ সুবিধা পেতে হলে উপজেলা পর্যায়ে কমপক্ষে ০৫(পাঁচ) বছর দায়িত্ব পালন/কর্মরত থাকতে হবে।

(চ) বিভিন্ন প্রকার অগ্রিম বা গৃহনির্মাণ অগ্রিম গ্রহণের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পেনশন বা গ্রাচুয়িটি হতে প্রস্তাবিত ঋণের টাকা আদায় করা সম্ভব না হলে ঋণ প্রাপ্তির যোগ্য হবেন না।



মোঃ খালেদুর রহমান
সহকারী সচিব

২. ঋণ মঞ্জুরের শর্ত :

(ক) বিশেষ ঋণ সুবিধা নীতিমালার অধীনে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ সমাজসেবা অধিদফতর মঞ্জুরকারী কর্তৃপক্ষ বলে বিবেচিত হবে।

(খ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও কর্মচারীগণ নির্ধারিত আবেদন ফরমে (পরিশিষ্ট-ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর আবেদন দাখিল করতে হবে।

(গ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও কর্মচারীগণকে মোটর সাইকেল ক্রয় এবং এর আনুষঙ্গিক অন্যান্য খরচাদির জন্য এককালীন ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সুদমুক্ত ঋণ প্রদান করা যাবে। এছাড়া বাজার মূল্যের সাথে সঙ্গতি রেখে যুক্তিসঙ্গত সময় অন্তর অন্তর প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ঋণের পরিমান পুন:নির্ধারণ করা যাবে।

(ঘ) অধিদফতরের পরিচালক (কার্যক্রম) এর নেতৃত্বে কমপক্ষে ০৪(চার) সদস্য বিশিষ্ট কমিটি ঋণ প্রাপ্তির আবেদনসমূহ যাচাই-বাছাই করবেন এবং ঋণের জন্য আবেদনকারীদের মধ্য হতে জ্যেষ্ঠতা, প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে বিশেষ ঋণ প্রদান করা হবে। আবেদনপ্রাপ্তির ৯০ দিনের মধ্যে অধিদফতর হতে ঋণ মঞ্জুর করা হবে।

(ঙ) কোন কর্মকর্তা/কর্মচারী তাঁর চাকুরীকালে একবারের বেশী এ নীতিমালার অধিনে বিশেষ ঋণ গ্রহণ করতে পারবেন না।

(চ) ক্ষুদ্রঋণ খাতের ব্যাংকে গচ্ছিত অর্থ হতে প্রাপ্ত সর্বমোট ব্যাংক সুদের ২৫% অর্থ হতে অর্থের সংস্থান থাকা সাপেক্ষে মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ প্রদান করা হবে।

(ছ) বিশেষ ঋণ গ্রহিতাকে শারীরিকভাবে সক্ষম ও বৈধ ড্রাভিং লাইসেন্সধারী হতে হবে। মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ প্রাপ্তির আবেদনের সাথে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে দিতে হবে।

৩. ঋণের অর্থের সংস্থান :

পল্লী সমাজসেবা(আরএসএস) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুসারে প্রতি বছর জুলাই মাসে ব্যাংকসুদের অর্থ প্রকল্প গ্রামের স্ব-স্ব ব্যাংক হিসাব থেকে উপজেলার "কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার" শিরোনামে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং প্রতি বছর জুলাই মাসে উপজেলার "কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার" হিসাব থেকে ২৫% অর্থ মহাপরিচালক , সমাজসেবা অধিদফতর, ঢাকা এর একক স্বাক্ষরে পরিচালিত নির্দিষ্ট ব্যাংক হিসাবে অধিদফতরের নির্দেশনামতে ক্রসচেক/অনলাইন/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত প্রেরণ করতে হবে

মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা এর একক স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাবে জমাকৃত ব্যাংক সুদের ২৫% অর্থ হতে মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ প্রদান করা হবে।

৪. ক্রয়কৃত মোটর সাইকেলের রেজিস্ট্রেশন ও বীমা :

(ক) মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণের অর্থ উত্তোলনের অনধিক ৩ মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিকে [illegible]

(খ) সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর যৌথ নামে মোটর সাইকেলের রেজিস্ট্রেশন করতে হবে।

(গ) রেজিস্ট্রেশন/লাইসেন্স ও ইনসুরেন্সসহ সকল ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণ নিজ দায়িত্বে বহন করবেন। এ ব্যাপারে আলাদা কোন বরাদ্দ প্রদান করা হবেনা।

৫. চুক্তি সম্পাদন :

(ক) মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণের আবেদনের প্রেক্ষিতে অর্থ মঞ্জুরী পাওয়ার পরে ঋণের টাকা উত্তোলনকালে ঋণ গ্রহিতাকে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে সদর কার্যালয় কর্তৃক প্রদত্ত শর্ত অনুযায়ী সমাজসেবা অধিদফতরের সাথে একটি চুক্তি সম্পাদন (পরিশিষ্ট-খ) করতে হবে। চুক্তিপত্রের একটি সত্যায়িত ফটোকপি পরিচালক(কার্যক্রম) বরাবর প্রেরণ করতে হবে।

(খ) বিশেষ ঋণের মঞ্জুরীকৃত অর্থ প্রাপ্তি এবং মোটর সাইকেল ক্রয়ের পরে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারিকে সমাজসেবা অধিদফতর বরাবর সংশ্লিষ্ট মোটর সাইকেলটি ঋণের নির্ধারিত টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত বন্ধক রাখতে হবে। এজন্য একটি বন্ধকী ফরম পূরণ করতে হবে (পরিশিষ্ট-গ)।

(গ) মোটর সাইকেল ক্রয় সংক্রান্ত যাবতীয় কাগজপত্রের মূল কপি সমাজসেবা অধিদফতরের পরিচালক(কার্যক্রম) এর নিকট জমা রাখতে হবে এবং বিশেষ ঋণের মঞ্জুরীকৃত অর্থ দ্বারা ক্রয়কৃত মোটর সাইকেলের ঋণের নির্ধারিত টাকা পরিশোধ হয়ে গেলে সমাজসেবা অধিদফতর উক্ত কর্মকর্তা/কর্মচারির অনুকূলে বন্ধক অবমুক্ত বিষয়ে একটি প্রত্যয়নপত্র প্রদান করবে (পরিশিষ্ট-ঘ)।

৬. **মোটর সাইকেল জ্বালানী ও অন্যান্য ব্যয় :** বিশেষ ঋণের অর্থ দ্বারা ক্রয়কৃত মোটর সাইকেলে জ্বালানী ও মেরামত বাবদ কোন বরাদ্দ প্রদান করা হবে না। জ্বালানী ও মেরামতসহ যাবতীয় ব্যবহার কর্মকর্তা ও কর্মচারীগণ নিজে বহন করবেন। তবে সরকারীভাবে/সমাজসেবা অধিদফতর প্রদত্ত মোটর সাইকেলে জ্বালানী ও মেরামত খাতে সমাজসেবা অধিদফতর হতে বিধি অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। এছাড়া কর্মকর্তা/কর্মচারীগণ সরকারী বিধি মোতাবেক ভ্রমণভাতা/দৈনিক ভাতা/ যাতায়াত ভাতা ইত্যাদি প্রাপ্য হবেন।

৭. **বিশেষ ঋণের অর্থে ক্রয়কৃত মোটর সাইকেল বিক্রয়:** বিশেষ ঋণের অর্থ পরিশোধের পূর্বে মোটর সাইকেল বিক্রয়ের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরের অনুমতি গ্রহণ করতে হবে এবং বিক্রয়মূল্য হতে অধিদফতরের নির্দেশনা অনুযায়ী বকেয়া ঋণ পরিশোধ করার শর্তে বিক্রয়ের অনুমতি প্রদান করা যেতে পারে এবং মোটর সাইকেল বিক্রয়ের অনধিক ১৫ দিনের মধ্যে অপরিশোধিত অর্থ এককালীন পরিশোধ করতে হবে।

৮. **দুর্ঘটনা ও চুরি :** মোটর সাইকেল হারানো/চুরি বা যে কোন প্রকারের ক্ষয়-ক্ষতির জন্য ঋণগ্রহিতা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এ বিষয়ে কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব বহন করবে না।

৯. **মোটর সাইকেল মালিকানা :** মোটর সাইকেল ক্রয়ের জন্য গৃহীত বিশেষ ঋণের সমুদয় অর্থের কিস্তি পরিশোধের পর পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রদত্ত না-দাবীপত্র প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারি মোটর সাইকেলের মালিক হবেন।

১০. **মোটর সাইকেল ব্যবহার :** ব্যাংক সুদের অর্থের দ্বারা ক্রয়কৃত মোটর সাইকেল সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ নিজ দায়িত্বে ব্যবহার করবেন এবং যেকোন প্রকার ক্ষয়-ক্ষতির জন্য সরকার দায়ী থাকবে না। কর্মকর্তা/কর্মচারিগণ সরকারি দাপ্তরিক কাজে ভ্রমণের জন্য মোটর সাইকেল ব্যবহার করলে সরকার কর্তৃক নির্ধারিত হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১১. **বিশেষ ঋণ আদায়ের পদ্ধতি :**

মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণের কিস্তি পরিশোধ বাবদ অর্থ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা এর একক স্বাক্ষরে পরিচালিত নির্দিষ্ট ব্যাংক হিসাবে নির্দেশনামতে ক্রসচেক/অনলাইন/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত প্রেরণ করতে হবে এবং জমা রশিদের সত্যায়িত ফটোকপি/ প্রমাণক পরিচালক (কার্যক্রম) বরাবর প্রেরণ করতে হবে।

(ক) মোটর সাইকেল ক্রয়ের জন্য গৃহীত বিশেষ ঋণ সর্বোচ্চ ৭২টি সমান কিস্তিতে আদায়যোগ্য হবে এবং ঋণের অর্থ উত্তোলনের পরবর্তী মাস হতে কিস্তি পরিশোধ শুরু করতে হবে।

(খ) কোন কর্মকর্তা/কর্মচারি কর্মরত অবস্থায় যেকোন সময় অপরিশোধিত সমুদয় অর্থ এককালীন পরিশোধ করতে ইচ্ছুক হলে অধিদফতরের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত ব্যাংক হিসাবে তা জমা করতে পারবেন। তবে অবসরে যাওয়ার পূর্বে সমুদয় অর্থ অবশ্যই পরিশোধ করতে হবে।

(গ) কোন কর্মকর্তা/কর্মচারী সেচ্ছায় চাকুরী ত্যাগ করলে চাকুরী ত্যাগের পূর্বে অবশ্যই ঋণের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

(ঘ) সরকার কর্তৃক কোন কর্মকর্তা/কর্মচারিকে অপসারণ বা বরখাস্ত বা চাকুরীচ্যুত করা হলে সমাজসেবা অধিদফতর বন্ধকী গাড়ী বিক্রয়পূর্বক এর ঋণ সমন্বয় করবেন। এর পরও ঋণ অপরিশোধিত থাকলে সরকারী দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারী পাওনা হিসেবে আদায়যোগ্য হবে।

(ঙ) বিশেষ ঋণ গ্রহিতা মৃত্যু হলে তাঁর গ্রাচুয়িটি হতে অপরিশোধিত ঋণের টাকা আদায় করা হবে। গ্রাচুয়িটি হতে আদায়ের পর ঋণের অপরিশোধিত অর্থ উক্ত কর্মকর্তা/কর্মচারীর পারিবারিক পেনশন হতে আদায় করা হবে।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

১৫

পরিশিষ্ট-ক

মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: মোটর সাইকেল ক্রয়ের জন্য ব্যাংক সুদের অর্থ হতে বিশেষ ঋণ প্রাপ্তির জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী পল্লী সমাজসেবা কার্যক্রমের ব্যাংক সুদের অর্থ হতে মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালার আলোকে মোটর সাইকেল ক্রয়ের জন্য --------------------- (কথায়)----------------------------- টাকা বিশেষ ঋণ সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক। নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাবলী সদয় বিবেচনার জন্য পেশ করলাম:

১) নাম :
২) পিতা/স্বামীর নাম :
৩) পদবী :
৪) কর্মস্থল :
৫) জন্ম তারিখ :
৬) চাকুরীতে যোগদানের তারিখ :
৭) পি.এল.আর. শুরুর তারিখ :
৮) মূল বেতন :
৯) ইতোপূর্বে গৃহিত অগ্রিম সংক্রান্ত তথ্য (গৃহ নির্মাণ/মোট সাইকেল/কম্পিউটার) :

| অগ্রিমের নাম | মঞ্জুরের তারিখ | অগ্রিমের পরিমান | কিস্তির পরিমান | অপরিশোধিত টাকার পরিমান | অগ্রিম সম্পুর্ণ পরিশোধের নির্ধারিত তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

১০) বিশেষ ঋণ পরিশোধ সংক্রান্ত তথ্য:

| প্রার্থিত ঋণের পরিমান | কত কিস্তিতে পরিশোধ করতে ইচ্ছুক | চাকুরীরত অবস্থায় পরিশোধ সম্ভব না হলে ঋণ সমন্বয় পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

১১) মোটর সাইকেল সংক্রান্ত তথ্য :

(ক) সমাজসেবা অধিদফতর প্রদত্ত মোটর সাইকেল ব্যবহার করি/করি না :

(খ) মোটর সাইকেল নম্বর -------(মোটর সাইকেল ব্যবহারের ক্ষেত্রে) :

(গ) মোটর সাইকেল ব্যবহারের সময় :

১২) আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, প্রার্থিত বিশেষ ঋণ মোটর সাইকেল ক্রয় ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করব না। মোটর সাইকেল ক্রয় ও রেজিস্ট্রেশন বাবদ প্রাপ্ত বিশেষ ঋণের অর্থ অন্য কোন খাতে ব্যয় করবো না।

আপনার অনুগত,

স্বাক্ষর ঃ
নাম:
পদবী:
ঠিকানা:
মোবা:নং
ই-মেইল:

স্থান :
তারিখ:

১৩) উর্ধ্বতন অফিসারের সুপারিশ :

স্বাক্ষর :
নাম:
পদবী:
ঠিকানা:

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

১৪

পরিশিষ্ট-খ

# চুক্তিনামা

মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ গ্রহণের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের ফরম ------------------------ সনের ----------------- মাসের -------------- তারিখের একপক্ষে ---------------------- (পরবর্তীতে ঋণগ্রহীতা হিসেবে অভিহিত যা তাঁর আইনগত প্রতিনিধি এবং স্বত্বনিয়োগীকে বুঝাবে) এবং অপরপক্ষে পরিচালক (কার্যক্রম),সমাজসেবা অধিদফতর,ঢাকা এর মধ্যে সম্পাদিত চুক্তি।

যেহেতু ঋণ গ্রহিতা সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ ঋণ নীতিমালা, ২০১৩ অনুসারে মোটর সাইকেল ক্রয় করার জন্য ------------------------------ টাকা বিশেষ ঋণের জন্য মহাপরিচালক,সমাজসেবা অধিদফতর এর নিকট আবেদন করেছেন এবং মহাপরিচালক পরবর্তীতে বর্ণিত শর্তাবলীতে এ বিশেষ ঋণ প্রদানে সম্মত হয়েছে।

সুতরাং এতদ্বারা উভয়পক্ষ এ মর্মে সম্মত হচ্ছেন যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বিশেষ ঋণ গ্রহীতাকে --------------- টাকা প্রদানের পরিপ্রেক্ষিতে (বিশেষ ঋণ গ্রহিতা এতদ্বারা যার প্রাপ্তিস্বীকার করলেন), বিশেষ ঋণ গ্রহীতা এ মর্মে সরকারের সাথে সম্মত হলেন যে,

(১) সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালার আলোকে ঋণের কিস্তির অর্থ মহাপরিচালক , সমাজসেবা অধিদফতর, ঢাকা এর একক স্বাক্ষরে পরিচালিত নির্দিষ্ট ব্যাংক হিসাবে নির্দেশনামতে ক্রসচেক/অনলাইন/ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত প্রেরণ করবেন এবং জমা রশিদের সত্যায়িত ফটোকপি/ প্রধানক পরিচালক (কার্যক্রম) বরাবর প্রেরণ করবেন;

(২) এ চুক্তি সম্পাদনের তারিখের তিন মাসের মধ্যে তিনি এ বিশেষ ঋণের সম্পূর্ণ অর্থ মোটর সাইকেল ক্রয় ও রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য ব্যয় করবেন;

(৩) প্রদত্ত বিশেষ ঋণের টাকার জামানত হিসেবে মোটর সাইকেল সরকারি কর্মকর্তাদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালার আলোকে বর্ণিত ফরমে সরকারের নিকট দায়বদ্ধ করবেন।

এবং সর্বশেষ তাও সম্মত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা যাচ্ছে যে, যদি মোটর সাইকেল উপর্যুক্ত মতে এ দলিল স্বাক্ষরের ৩(তিন) মাসের মধ্যে ক্রয় ও দায়বদ্ধ করা না হয়, অথবা বিশেষ ঋণ গ্রহীতা দেউলিয়া হয় বা সরকারের চাকুরি ত্যাগ করেন বা মৃত্যুবরণ করেন, তবে বিশেষ ঋণের সম্পূর্ণ অর্থ অবিলম্বে পাওনা এবং দেয় হবে।

উপরে বর্ণিত সমুদয় বয়ানের সাক্ষ্য স্বরূপ ঋণ গ্রহীতা উল্লিখিত সন ও তারিখে স্বহস্তে স্বাক্ষর করলেন। নিম্নেবর্ণিত সাক্ষীগণের সম্মুখে সাক্ষর করলেন :

১ম সাক্ষী : ------------------------------------------------- গ্রহীতার স্বাক্ষর
ঠিকানা: -------------------------------------------------
পেশা :-------------------------------------------------

২য় সাক্ষী: ---------------------------------------------
ঠিকানা: -------------------------------------------------
পেশা :------------------------------------------------- সমাজসেবা অধিদফতরের প্রতিনিধির স্বাক্ষর

২৭/১২/২০১
মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

পরিশিষ্ট-গ

## মোটর সাইকেল অগ্রিমের জন্য বন্ধকী ফরম

এ চুক্তিপত্র --------------------- সনের -------------------- মাসের তারিখে একপক্ষে ---------------- (পরবর্তীতে বিশেষ ঋণ গ্রহীতা হিসেবে অভিহিত) এবং অপরপক্ষে পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতরের এর মধ্যে সম্পাদিত হলো ।

যেহেতু, ঋণ গ্রহীতা সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ ঋণ নীতিমালা, ২০১৩ অনুসারে মোটর সাইকেল ক্রয় করার জন্য ------------------ টাকা অগ্রিম মঞ্জুরির আবেদন করেছেন এবং তা মঞ্জুর করা হয়েছে ।

এবং যেহেতু বর্ণিত বিশেষ ঋণ মঞ্জুরির অন্যতম শর্ত এই যে, প্রদত্ত বিশেষ ঋণের জামানত হিসেবে বিশেষ ঋণ গ্রহীতা সমাজসেবা অধিদফতরের নিকট এ মোটর সাইকেল দায়বদ্ধ করবেন ।

এবং যেহেতু বিশেষ ঋণ গ্রহীতা প্রদত্ত বিশেষ ঋণ বা তার অংশ বিশেষ দ্বারা মোটর সাইকেল ক্রয় করেছেন যার বিশদ বর্ণনা নিম্নে লিপিবদ্ধ তফসিলে উদ্দৃত হলো :

সুতরাং, এ চুক্তিপত্রের সাক্ষ্য দিচ্ছে যে, বর্ণিত চুক্তি অনুসারে এবং পূর্বোক্ত বিষয়সমূহ বিবেচনায় বিশেষ ঋণ গ্রহীতা এ মর্মে সমাজসেবা অধিদফতরের সাথে চুক্তি বদ্ধ হচ্ছেন যে, তিনি সমাজসেবা অধিদফতরের --------------------- টাকা প্রদান করবেন অথবা এ চুক্তির তারিখে যে পরিমাণ পাওনা অবশিষ্ট আছে, তা অধিদফতরের নির্দেশনা অনুযায়ী কিস্তিতে মাসের প্রথম সপ্তাহে প্রদান করবেন এবং বর্ণিত বিশেষ ঋণ নীতিমালা অনুসারে প্রদেয় এ অর্থ বর্ণিত ঋণ হিসেবে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর এর স্বত্ব ন্যস্ত এবং হস্তান্তর করলেন ।

এবং বিশেষ ঋণ গ্রহিতা এ মর্মে আরও স্বীকৃত হয়ে ঘোষণা দিচ্ছেন যে, তিনি বর্ণিত মোটর সাইকেল ক্রয়মূল্য পূর্ণভাবে পরিশোধ করেছেন ও তা সম্পূর্ণভাবে তার নিজস্ব সম্পত্তি এবং তিনি তা কোথাও বন্ধক দেননি এবং বর্ণিত অগ্রিম বাবদ সমাজসেবা অধিদফতরকে যে পর্যন্ত কোন অর্থ প্রদেয় থাকে সে পর্যন্ত তিনি সমাজসেবা অধিদফতরের অনুমতি ব্যতিত এ সম্পত্তি বিক্রয়, বন্ধক বা তার দখল ত্যাগ করবেন না এবং মোটর সাইকেল মালিকানা হস্তান্তর করবেন না । এখানে আরও উল্লেখ করা যায় এবং ইহা স্বীকৃত ও ঘোষিত হচ্ছে যে, যদি কোন কিস্তি পাওনা হওয়ার দশ দিনের মধ্যে প্রদত্ত না হয় বা আদায় না হয়, অথবা বিশেষ ঋণ গ্রহীতা এ সম্পত্তি বিক্রয়, বন্ধক অথবা দেউলিয়া হন, অথবা তাঁর পাওনাদারের সঙ্গে কোন ব্যবস্থায় উপনীত হন অথবা কোন ব্যক্তি অগ্রিম গ্রহীতার বিরুদ্ধে ডিক্রি জারি বা রায় কার্যকর করেন, তবে তখন পর্যন্ত সমুদয় পাওনা অনাদায়কৃত অংশ তাৎক্ষনিকভাবে প্রদানযোগ্য হবে ।

এবং এ মর্মে স্বীকৃত হওয়া যাচ্ছে এবং ঘোষণ করা যাচ্ছে যে, পূর্বে বর্ণিত কোন একটি ঘটনা ঘটলে সমাজসেবা অধিদফতর বর্ণিত মোটর সাইকেল বাজেয়াপ্ত করে তার মালিকানা গ্রহণ করবেন এবং তা স্থানান্তর না করে তার মালিকানায় থাকবেন অথবা তা স্থানান্তর করে খোলা নিলামে অথবা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে চুক্তি করে বিক্রয় করবেন । বিক্রয়লব্ধ অর্থ হতে অপরিশোধিত বিশেষ ঋণ পরিশোধের জন্য এবং এ চুক্তির অধীন তার অধিকার সংরক্ষণের জন্য বা আদায়ের জন্য এবং উদ্ধার করার জন্য সমুদয় ব্যয় এবং সকল প্রকার দায় মিটানোর জন্য ব্যবহার করবেন এবং এর অতিরিক্ত কোন অর্থ থাকলে বিশেষ ঋণ গ্রহীতা, তার উইল নির্বাহক, প্রশাসক বা ব্যক্তিগত প্রতিনিধিকে প্রদান করবেন ।

আরও শর্ত থাকে যে, বর্ণিত মোটর সাইকেল স্বত্ব গ্রহণ এবং বিক্রয়ের ক্ষমতা, সমাজসেবা অধিদফতর কর্তৃক বিক্রয়লব্ধ নীট অর্থ যদি পাওনা হতে কম হয় তবে অবশিষ্ট অর্থের জন্য বিশেষ ঋণ গ্রহীতা অথবা তার ব্যক্তিগত প্রতিনিধির বিরুদ্ধে মামলা করার অধিকার ক্ষুন্ন করবে না ।

এবং বিশেষ ঋণ গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হচ্ছেন যে, যতদিন সমাজসেবা অধিদফতরের নিকট কোন অর্থ পাওনা থাকবে ততদিন বিশেষ ঋণ গ্রহীতা কোনরূপ অগ্নি, চুরি বা দুর্ঘটনার কারণে ক্ষতি বা হানির জন্য রক্ষণ কর্মকর্তার সন্তুষ্টি সাপেক্ষে এ মর্মে প্রমাণ দাখিল করতে হবে যে, সমাজসেবা অধিদফতরের এ বীমাতে স্বার্থ রয়েছে যা বীমা কোম্পানী জ্ঞাত হয়েছে ।

এবং যদি কোন ক্ষতি দুর্ঘটনা হয়ে থাকে তবে অগ্রিম গ্রহীতা অবিলম্বে তা মেরামত করাবেন ও ক্ষতিপূরণ করবেন ।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

12

উপরে বর্ণিত বয়ানের সাক্ষ্য স্বরূপ অগ্রিম উল্লিখিত বছরে ও তারিখে স্বহস্তে স্বাক্ষর প্রদান করলেন ।

মোটর সাইকেলের বিবরণ :

প্রস্তুতকারীর নাম : বর্ণনা :

[illegible] : [illegible] :

চেসিস :

ক্রয় মূল্য :

----------------------------------এর উপস্থিতিতে অগ্রিম গ্রহীতা

---------------------------------- স্বাক্ষর করলেন ।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

পরিশিষ্ট-ঘ

# বন্ধক অবমুক্তির প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নাম :------------------------------------------------------------ পদবী: ---- ------------------------------------- কর্মস্থল : --------------------------------------------- সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালা, ২০১৩ এর আওতায় মোটর সাইকেল ক্রয়ের জন্য গত ----------------------------------------- তারিখে --------------------- টাকা বিশেষ ঋণ গ্রহণ করেছেন। তিনি বিশেষ ঋণ গৃহীত টাকা দ্বারা ক্রয়কৃত ------------------ নং গাড়ি সমাজসেবা অধিদফতর বরাবর --------- ------------- তারিখে বন্ধক রেখেছেন। তিনি -------------- তারিখে গৃহীত সমুদয় অগ্রিম পরিশোধ করেছেন বিধায় আজ ----------------- তারিখে তার বন্ধককৃত ------------------------------ নম্বর মোটর সাইকেলটি অবমুক্ত করা হল।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর